# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) পহলগাম সন্ত্রাসবাদী আক্রমণের ঘটনার পরিপ্রেক্ষিতে নতুনদিল্লীতে সর্বদলীয় বৈঠক ।

২) পাকিস্তানী নাগরিকের ভারতীয় ভিসা বাতিলের সিদ্ধান্ত / আটারী ওয়াঘা সীমান্তের চেক পোষ্ট বন্ধ কার্যকর ।

৩) রাজ্য সরকারের পহলগামে নিহতদের পরিবারবর্গকে ৫ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত ।

এবং

৪) পঞ্চায়েত নির্বাচনের নির্বাচনী প্রচার ক্রমশ: জোরদার ।

---

পহলগাম সন্ত্রাসবাদী আক্রমণের ঘটনার পরিপ্রেক্ষিতে আজ নতুন দিল্লীতে সর্বদলীয় বৈঠক আরম্ভ হয়েছে । বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকর , কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমন , বিজেপির সভাপতি জে পি নাড্ডা , কংগ্রেস নেতা রাহুল গান্ধী ও মল্লিকাজুন খাড়গে , সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু , ডি এম কের তিরুচি শিবা , এন সি পির নেতা প্রফুল্ল প্যাটেল , সমাজবাদী পার্টির রামগোপাল যাদব , আম আদমী পার্টির সঞ্জয় সিং , আর জেডির প্রেমচান্দ গুপ্তা , তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দোপাধ্যায় , ওয়াই এস আর সি পির মিথুন রেড্ডী উপস্থিত রয়েছেন ।

---

ভারত পাকিস্তানের শীর্ষ কূটনীতিবিদ সাদ আহমেদ ওয়ারীশকে তলব করে পাকিস্তানী সেনার কূটনীতিবিদদের ভারত ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছে । পহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের পরিপ্রেক্ষিতে ভারতের পাকিস্তানের বিরুদ্ধে গ্রহণ করা বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের পর এই পদক্ষেপ গ্রহণ করা হয় ।কেন্দ্রীয় সরকার ১৯৬০ সালের সিন্ধু জল চুক্তি বাতিল করা , তৎকালীনভাবে কার্যকর করা আট্টারী -ওয়াঘা সীমান্তের চেকপোষ্ট বন্ধ করা সহ ইসলামাবাদের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক হ্রাস করেছে ।সার্ক ভিসা রেহাই প্রকল্পের অধীনে পাকিস্তানী নাগরিকদের ভারতে আসার অনুমতিও এখন থেকে বাতিল করা হয়েছে ।সার্ক ভিসার অধীনে সম্প্রতি ভারতে থাকা পাকিস্তানী নাগরিকদের ৪৮ ঘন্টার মধ্যে ভারত ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়েছে ।আগামী ২৭ শে এপ্রিল থেকে কার্যকরী হওয়া এই আদেশে পাকিস্তানী নাগরিকদের প্রদান করা সব বৈধ ভারতীয় ভিসা বাতিল করা হয়েছে ।এছাড়া পার্শ্ববর্তী দেশটির নাগরিকদের প্রদান করা চিকিৎসা ভিসা সমুহ আগামী ২৯ শে এপ্রিল পর্যন্ত বৈধ বলে বিবেচিত হবে ।বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুসারে সম্প্রতি ভারতে থাকা সব পাকিস্তানী লোকেদের এই নির্ধারিত সময়সীমার মধ্যে ভারত থেকে যেতে হবে । এদিকে মন্ত্রনালয় ভারতীয় নাগরিকদের পাকিস্তানে যাওয়া থেকে বিরত থাকার পরামর্শ প্রদান করা সহ সেদেশে থাকা ভারতীয়দের শীঘ্র দেশে ফিরে আসার আহ্বান জানিয়েছে ।

-------------------------------------------------------------------------------------

আসাম সরকার পহেলগামের সন্ত্রাসবাদী আক্রমণে নিহত লোকেদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।তিনি বলেন যে এই ঘটনায় রাজ্যবাসী অত্যন্ত মর্মাহত এবং নিহত লোকেদের পরিবার সমুহকে সহায়তা করার উদ্দেশ্যে এই আর্থিক সাহায্য প্রদান করার ব্যবস্থা করা হয়েছে ।

বাইট-----

-------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি কার্য্যলয়ে আজ কাশ্মীরের পহেলগামে পর্য্যটকদের উপর গুলি চালানোর ঘটনার তীব্র নিন্দা জানিয়ে প্রতিবাদী সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত প্রতিবাদী সভায় সাংসদ মিশন রঞ্জন দাশ , প্রাক্তন সভাপতি সুব্রত ভট্টাচার্য্য , শহর মন্ডল সভাপতি কিশোর দে , পৌর সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমূখ এধরনের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বক্তব্য রাখেন ।

-------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজ্যে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান জোরদার করে তুলেছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব আজ হোজাই জেলার শ্রীমন্ত শংকরদেব নগরে নির্বাচনী প্রচার চালান । অগনিত লোকের উপস্থিতিতে পঞ্চায়েত নির্বাচনে বিজেপি মিত্রজোটের প্রার্থীর হয়ে প্রচার চালিয়ে ড: শর্মা বিজেপি মিত্রজোট জনসাধারণের আশা আকাঙ্খা পূরণের জন্য দায়বদ্ধভাবে কাজ করে আসছে বলে মন্তব্য করেন ।মানকাচরে আয়োজিত অন্য একটি নির্বাচনী সভায় আজ অগপর উপ সভাপতি জাভেদ ইসলাম অংশ গ্রহণ করেন । মহিলা কংগ্রেসের সভানেত্রী মীরা বরঠাকুর আজ মানকাচরে গিয়ে নির্বাচনী প্রচার চালান ।আজ বিকেলে শ্রীমতী বরঠাকুর তিনটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও প্রচার অভিযান ক্রমশ: জোরদার হচ্ছে ।

কাছাড় জেলায় বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই পাচগ্রাম পঞ্চায়েতে কাটিগড়া লক্ষ্মীপুর জেলা পরিষদের প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালান । এছাড়া শ্রী রাই কাটিগড়া বিধানসভা কেন্দ্রের গোবিন্দপুর জিপিতে ও মোহনপুর শালচাপড়া জেলা পরিষদের প্রার্থীর হয়ে প্রচার চালান ।কাছাড় জেলা কংগ্রেসের সভাপতি অভিজিত পাল জেলা পরিষদ আসনে মনোনীত প্রার্থীর হয়ে বিভিন্ন স্থানে প্রচার চালান ।এদিকে এস ইউ সি আই , নির্দল সহ অন্যান্যরা প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।

শ্রীভূমি জেলায় বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান অব্যাহত রেখেছে । নির্বাচনী প্রচারের অংশ হিসেবে আজ রাজারটিলা উমরপুর জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েতে মনোনীত প্রার্থীদের হয়ে বিজেপি ও অসম গণ পরিষদের মিত্রজোটের এক নির্বাচনী প্রচার সভা শ্রীগৌরী বিজেপি মন্ডল কার্যালয়ে অনুষ্ঠিত হয় ।সভায় অসম গণ পরিষদের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সুনীল ডেকা , বিজেপি নেতা সুব্রত ভট্ট াচার্য সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন । জেলার টিলাবাড়ী - বান্দরকোনা জেলাপরিষদ আসনের নির্দল প্রার্থীর হয়ে প্রচার চালান দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক সিদ্দেক আহমেদ ।

হাইলাকান্দিতে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে ।বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই পাচগ্রামে দলীয় প্রার্থীদের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়ে পাচগ্রাম লোকনাথ পেট্রোল পাম্পের কাছে কাটিগড়া - লক্ষ্মীপুর জেলা পরিষদ আসনের বিজেপি প্রার্থী সহ অন্যান্য আসনের প্রার্থীদের হয়ে প্রচার চালান । কালিনগর পাইকান জেলা পরিষদ আসনের প্রার্থীর হয়ে আজ কংগ্রেস ওবিজেপি উভয় দল প্রচার চালিয়েছে ।মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু পাল আগামীকাল কাটলীছড়া জেলা পরিষদ আসনের বিভিন্ন স্থানে প্রচার করবেন ।

-------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে উত্তর ও দক্ষিন শ্রীভূমি বিধানসভা এলাকার জেলা পরিষদ , আঞ্চলিক পঞ্চায়েত সদস্য ও গ্রুপ সদস্যদের প্রতিদিনের নির্বাচনী খরচের হিসাব পরীক্ষার সভা আগামীকাল , আগামী ২৭ ও ৩০শে এপ্রিল শ্রীভূমি জেলা পরিষদের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে । প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে এই সভাগুলি অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ বিভিন্ন সময়ে শিলচর শহর তথা পার্শ্ববর্তী এলাকায় সংঘঠিত চুরির ঘটনায় একজন মহিলা সহ ১১ জন চোর কে গ্রেপ্তার করেছে ।কাছাড় পুলিশ গতকাল রাতে এক অভিযান চালিয়ে সদরঘাট সেতুর নীচ থেকে তাদেরকে গ্রেপ্তার করেছে । তাদের কাছ থেকে চুরি যাওয়া মূল্যবান সামগ্রি জব্দ করা হয়েছে । ১১ জন চোরের মধ্যে দুজনকে ইতিমধ্যে জেল হাজতে প্রেরণ করা হয়েছে বাকীদেরকে পুলিশ জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছে ।এই বিষয়ে কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা সাংবাদিকদের জানান ----

বাইট

-------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ আজ শিলডুবিতে নিষিদ্ধ ঘোষিত নেশাযুক্ত দ্রব্যের বিরুদ্ধে অভিযান চালিয়ে ৩ কোটি টাকা মূল্যের টেবলেট জব্দ করে । পুলিশ এসম্পর্কে একজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে । আরো তথ্যের জন্য পুলিশ সরবরাহকারীকে জিজ্ঞাসাবাদ করে যাচ্ছে ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ আজ শহরতলির টেম্পুর গ্রামের বড়ভূঁইয়া পাড়ায় অভিযান চালিয়ে ৯০ গ্রাম হেরোইন সহ এক ড্রাগস সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে ।ডেপুটি পুলিশ সুপার সুরজিৎ চৌধুরীর নেতৃত্বে অভিযান চলাকালীন  পুলিশ জহির উদ্দিন বড়ভূঁইয়ার বাড়িতে হানা দেয় এবং একটি স্কুটিও জব্দ করেছে ।তবে জহির উদ্দিন পালিয়ে যেতে সক্ষম হয় । বাজেয়াপ্তকরা হেরোইনের বাজারমূল্য প্রায় ২০ লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির নেতাজি সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত নুরউদ্দিন আহমেদ আন্তজেলা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট প্রথম ইনিংস এর লিডের সুবাদে কার্বি আংলং দল বিজয়ী হয়েছে। ম্যাচের প্রথম দিনের খেলা ভারী বৃষ্টিপাতের জন্য

বাতিল হওয়ার পর আজ দ্বিতীয় দিন ম্যাচ নির্ধারিত সময়তে শুরু হয়। প্রথম ব্যাট করে কার্বি আংলং দল ৭ উইকেট হারিয়ে 268 রান করে ইনিংস ঘোষণা করে। জবাবে ১০৫ রানেই প্রথম ইনিং শেষ হয় লক্ষ্মীপুর দলের। ফলোঅন হয়ে দ্বিতীয়বার ব্যাট করতে নেমেও সাত উইকেট হারিয়ে মাত্র ৯৪ রান সংগ্রহ করতে সক্ষম হয় লক্ষ্মীপুর ডিএস এ। প্রথম ইনিংসের লিড পাওয়ায় কার্বি আংলন দলকে বিজয়ী বলে ঘোষণা করা হয়

------------------------------------------------------------------------------------